

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

তারিখ: ২০ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০২.২৫.৩৯৩৫

বিষয়: মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে নৌপথে ১,২০০ মে.টন ঢালা গমের চলাচলসূচি (সূচি নং-১১৩)।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা বিভাগের স্থাপনাসমূহে বিভিন্ন বিলি-বিতরণের গমের চাহিদা নারায়ণগঞ্জ সাইলো হতে পূরণ করা হয়ে থাকে। নারায়ণগঞ্জ সাইলোতে গমের মজুত বৃদ্ধির জন্য মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে গমের সূচি জারি করা প্রয়োজন।

গত ০৩-১২-২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয়ের সভাপতিত্বে নৌপথে সূর্যুভাবে খাদ্যশস্য পরিবহণ সংক্রান্ত বিষয়ে মতবিনিময় সভার সিদ্ধান্ত এবং 'খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮' এর ৪.১৮, ৭.১ (ক) ও ৭.১ (খ) অনুচ্ছেদ মোতাবেক মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে ঢালা গমের রুট না থাকায় চট্টগ্রাম সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলো রুটের পরিবহণ দর (সর্বশেষ চুক্তিকৃত কার্যদর) মেজর ক্যারিয়ার, খুলনা ও ডিবিবিসি খুলনা-বরিশাল ঠিকাদারগণের মাধ্যমে মোংলা সাইলো হতে ওয়ারেন্টি অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে ১,২০০ (এক হাজার দুইশত) মে. টন ঢালা গমের নৌপথে চলাচলসূচি নির্দেশক্রমে নিম্নোক্তভাবে জারি করা হলো:

নৌপথে গমের চলাচলসূচিঃ

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	বাগেরহাট	মোংলা সাইলো	নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ সাইলো	১২০০	ঢালা গম	নৌ পথ	চসসা বিভাগ উপসূচি জারি করবেন।
				মোট =	১২০০			

নির্দেশনাসমূহ:

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে।

২। সাইলো অধীক্ষক, মোংলা সাইলো প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং ওয়ারেন্টি অনুযায়ী গম পরিবহণ করবেন।

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। ওজনের তারতম্য পরিহারের জন্য প্রেরণ কেন্দ্র কর্তৃক একটি কমিটি গঠন করে প্রেরণ কার্যক্রম তদারকী করবেন এবং ঠিকাদারের জাহাজে গম বোঝাইয়ের পর এয়ার টাইট সীল করে জাহাজ নারায়ণগঞ্জ সাইলোতে প্রেরণ করবেন। পক্ষান্তরে নারায়ণগঞ্জ সাইলো একটি কমিটি গঠন করে এয়ার টাইট সীলের সঠিকতা নিশ্চিত হয়ে কমিটির তদারকিতে খালাস কার্যক্রম গ্রহণ করবেন। স্কেল সংক্রান্ত জটিলতাসহ কোথাও অনিয়ম বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (সাইলো সুপারগণ) তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং খাদ্য অধিদপ্তরকে হরিত অবহিত করবেন।

৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না।

৭। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতীক্ষাক্রমিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

১১। সূচির মেয়াদ ১০-০৯-২০২৫ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে।

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

০৪-০৯-২০২৫
মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঞা
উপপরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা বিভাগ, খুলনা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা।
- ২। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, মোংলা, খুলনা।
- ৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয় (খাদ্য), খুলনা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০২.২৫.৩৯৩৫/১ (৭)

তারিখ: ২০ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ২। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা।
- ৪। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক।
- ৭। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



(Handwritten signature)

০৪-০৯-২০২৫
মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঞা
উপপরিচালক